শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/৬৫ তারিখঃ ২১-০১-২০২৪

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় ভোক্তা-অধিতার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা এর উপপরিচালক (তদন্ত) কর্তৃক স্বাক্ষরিত ০৯-০১-২০২৪ তারিখের ২৬.০৪.০০০০ .১১২.২৩.২৬২.২৩-৩০ সংখ্যক স্মারক অনুযায়ী "রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ" বিষয়ক পত্র প্রেরণ করে। উক্ত পত্রানুযায়ী আগামী ১৫ মার্চ ২০২৪ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ গণমাধ্যমকর্মী ও শিক্ষার্থীদের মধ্যে অধিকতর প্রচারের লক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় গণমাধ্যমকর্মী এবং বিশ্ববিদ্যালয়, কলেজ (উচ্চ মাধ্যমিক) ও স্কুল (৬ষ্ঠ-১০ম) ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের জন্য গত ০৫ জানুয়ারি ২০২৪ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক জনকণ্ঠ পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে রচনা আহ্বান করা হয়েছে।

এ প্রেক্ষিতে সংযুক্ত বিজ্ঞপ্তির আলোকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষার্থীদেরকে বর্ণিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তি

২১/০১/২৪

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
ফোনঃ ৪৪৮১৪০০৬

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ....., শেকৃবি, ঢাকা
৩। পরিচালক (সংশ্লিষ্ট) ....., শেকৃবি, ঢাকা
৪। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
১০। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
১১। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়

ভোক্তা-অধিকার সম্পর্কিত রচনা প্রতিযোগিতা

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে ১৫ মার্চ ২০২৪ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন উপলক্ষ্যে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অধিকতর প্রচারের লক্ষ্যে ভোক্তা-অধিকার বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে।

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

১। **গণমাধ্যমকর্মী (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া)**
বিষয়: **সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা এবং ভোক্তার সচেতনতা তৈরিতে গণমাধ্যমের ভূমিকা।**
(শব্দসীমা ২০০০-২৫০০)।

২। **বিশ্ববিদ্যালয় পর্যায় (স্নাতক ও স্নাতকোত্তর)**
বিষয়: **ভোক্তা-অধিকার সুরক্ষায় আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার।**
(শব্দসীমা ২০০০-২৫০০)।

৩। **কলেজ পর্যায়(উচ্চ মাধ্যমিক)**
বিষয়: **ভোক্তা-অধিকার প্রতিষ্ঠায় কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগে তারুণ্যের ভূমিকা।**
(শব্দসীমা ১৫০০-২০০০)।

৪। **স্কুল পর্যায়(৬ষ্ঠ-১০ম শ্রেণী)**
বিষয়: ভোক্তা-অধিকার সম্পর্কে জানি, সচেতন ভোক্তাবান্ধব স্মার্ট বাংলাদেশ গড়ি।
(শব্দসীমা ১০০০-১৫০০)।

রচনার শর্তাবলী নিম্নরূপ:

১। রচনা পরিচ্ছন্ন হাতের লেখা এবং এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠা নয়) A-4 সাইজের কাগজে লিখতে হবে।

২। রচনার সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাত্র/ছাত্রী সম্পর্কে প্রদত্ত প্রত্যয়নপত্র বা পরিচয়পত্রের ফটোকপি এবং গণমাধ্যমকর্মীগণের ক্ষেত্রে পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩। আগামী ৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ডাকযোগে বা ই মেইলে (ad-investigaion@dncrp.gov.bd) বা সরাসরি উপস্থিত হয়ে রচনার পাণ্ডুলিপি মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ০১ কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা বরাবরে প্রেরণ/দাখিল করতে হবে।

৪। রচনার সাথে অংশগ্রহণকারীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে।

৫। প্রতি ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬। রচনা লিখার ক্ষেত্রে মেধাভিত্তিক চৌর্যবৃত্তি পরিহারযোগ্য। এর ব্যত্যয় ঘটলে রচনা বাতিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হবে। তবে কোন তথ্য/উপাত্ত/উক্তি রচনায় ব্যবহৃত হলে আবশ্যিকভাবে এর তথ্যসূত্র উল্লেখ করতে হবে।

৭। নির্বাচিত রচনাসমূহ ১৫ মার্চ ২০২৪ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকায় ছাপানোর অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

পর্যায়ভিত্তিক পুরস্কার মূল্য ও সম্মাননা সনদ:

ক) গণমাধ্যমকর্মীগণের জন্য (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া)
১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

খ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (স্নাতক ও স্নাতকোত্তর)
১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

গ) কলেজ পর্যায়ে (উচ্চ মাধ্যমিক)
১। প্রথম পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

ঘ) স্কুল পর্যায়ে (৬ষ্ঠ-১০ম শ্রেণী)
১। প্রথম পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১০,০০০/- (দশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

এ. এইচ. এম. সফিকুজ্জামান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর